

ঢাবির নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তি বিজ্ঞপ্তি, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ

ইলেক্ট্রনিক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৫ ফেব্রুয়ারি ২০২৫, ১৮:৪২



নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শূন্য আসনে ভর্তিচ্ছন্দের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে ঢার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিপ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

 দেনিক ইলেক্ট্রনিক পত্রিকার সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

তবে স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪.০০ ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ৩.২৫/দ্বিতীয় বিভাগে ৫৫% নম্বর থাকতে হবে এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। তবে মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০/দ্বিতীয় বিভাগ থাকতে হবে।

থিয়েটার/সংগীত/ন্যূন্য/আবৃত্তি/চারুকলা/অডিও-ভিজ্যুয়ালসহ প্রভৃতি পরিবেশনাকলায় অধ্যয়ন অথবা ৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা আবেদন করতে পারবেন। মাস্টার্স ডিপ্রি প্রাপ্তরাও আবেদন করতে পারবেন। ভর্তির ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাবর্ষের কোনো বাধ্যবাধকতা নেই। আগ্রহী প্রার্থীদের ১৫ মার্চ ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তির আবেদন ফরম সংগ্রহ ও জমাদান করতে হবে।

ভর্তির তথ্য ও ভর্তির আবেদন ফরম বিভাগের [ওয়েবসাইট](#) অথবা বিভাগের অফিস থেকে সংগ্রহ করা যাবে। ভর্তির আবেদন ফরম সরাসরি অফিস চলাকালীন জমাদান করতে হবে। ভর্তির আবেদন ফরমের মূল্য ৩০০০/- (তিনি হাজার) টাকা।

যোগাযোগ : 01631570808, 01719607744

ভর্তি ফরম সংগ্রহ করতে [এখানে ক্লিক করুন](#)।